



স্মারক নং- উমবিককা/মাদার/জামাল/স্থায়ী কমিটি/৪৭৪,


তারিখঃ-০৭/০৪/২০২২খ্রি.

সভার নোটিশ

এতদ্বারা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভা আগামী ১০/০৪/২০২২খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ভাইস য়োরম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর-এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

প্রাপক-

চেয়ারম্যান,
১নং চরপাকেরদহ ইউপি,
২নং কড়ইচড়া ইউপি,
৩নং গুনারীতলা ইউপি,
মাদারগঞ্জ, জামালপুর।


০৭/০৪/২২

(সামসাদ আরা রেবা)

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটি
মাদারগঞ্জ, জামালপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ০৩। অফিস কপি।

উপজেলা নারী ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভার রেজুলেশন

- সভাপতি :- সামসাদ আরা রেবা
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
- তারিখ :- ১০/০৪/২০২২খ্রি.
সময় :- ১১.০০ ঘটিকা
স্থান :- ভাইস চেয়ারম্যান (মহিলা) এর কার্যালয়,
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর- পরিশিষ্ট "ক"

- | | |
|--|-------|
| ০১. চেয়ারম্যান, ০১নং চরপাকেরদহ ইউপি- মাদারগঞ্জ, জামালপুর- | স্বাঃ |
| ০২. চেয়ারম্যান, ০২নং কড়ইচড়া ইউপি- মাদারগঞ্জ, জামালপুর- | স্বাঃ |
| ০৩. চেয়ারম্যান, ০৩নং গুনারীতলা ইউপি- মাদারগঞ্জ, জামালপুর- | স্বাঃ |
| ০৪. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- মাদারগঞ্জ, জামালপুর - | স্বাঃ |


সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সভায় দৃষ্টি করণ করা হয়। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। সভাপতির নির্দেশক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, সেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে সমিতির কার্যক্রম ত্বরান্বিত করার পরামর্শ প্রদান করা হয়। যে সকল সেচ্ছাসেবী মহিলা সমিতি বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে অনুদান প্রাপ্ত হয়েছে সে সকল সমিতিকে অনুদানের অর্থ বিধি মোতাবেক যথাযথভাবে ব্যয় করার পরামর্শ প্রদান করা হয়।

২। কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচীর আওতায় ১০০জন উপকাভোগীর ভাতার অর্থ প্রদানের জন্য ব্যাংক হিসাব খোলার প্রক্রিয়া সমাপ্ত করা হয়েছে। ভাতার অর্থ প্রতি ০৩ মাস অন্তর জি টু পি সিস্টেমের মাধ্যমে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে স্থানান্তর হবে।

৩। ০৩টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম, দরিদ্র মার জন্য মাতৃত্বকালভাতা, ভিজিডি ইত্যাদি কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সভায় বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে চেয়ারম্যানবৃন্দ ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে আরও তৎপর হওয়ার পরামর্শ দেয় হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এপ্রিল/২০২২খ্রি. মাসে নারী ও শিশু নির্যাতন বিষয়ে স্থানীয় অভিযোগ পাওয়া যায়নি। মাদারগঞ্জ মডেল ধানায় নারী ও শিশু নির্যাতনের কোন মামলা হয়নি।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২০১৫/২২
(সামসাদ আরা রেবা)
ভাইস চেয়ারম্যান (মহিলা)
ও
সভাপতি
উপজেলা নারী ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটি
মাদারগঞ্জ, জামালপুর।